**বিষয়টি অতীব জরুরী**

**একই স্মারক ও তারিখের প্রতিলিপি**

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
শাহজাদপুর, সিরাজগঞ্জ।
www.seo.shahjadpur.sirajganj.gov.bd

স্মারক নং:৩৭.০২.৮৮৬৭.০০০.৯৯.০২৫.২০২৬-১০৫ তারিখ: ২৩/০৭/২০২৬ খ্রি.

বিষয়: প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ উপলেক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক গঠিত ফুটবল দলে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: রাশিবো/ক্রীড়া-১৫ তারিখ: ২০/০৭/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ উপলেক্ষ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানে দল গঠন করে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে সফট কপি এবং হার্ডকপি আগামী ২৫/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরিত ছকে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

"ছক-১"

| | | |
|---|---|---|
| শিক্ষা প্রতিষ্ঠানের নাম | : | |
| প্রতিষ্ঠানের EIIN নম্বর | : | |
| প্রতিষ্ঠান প্রধানের মোবাইর নম্বর | : | |
| প্রতিষ্ঠানের ই-মেইল | : | |
| উপজেলার নাম | : | |
| জেলার নাম | : | |

"ছক-২"

| ক্রমিং নং | টিমে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নিজ নাম ও পিতার নাম (ছাত্র ও ছাত্রীর জন্য পৃথক দল হবে) | শ্রেণি | শ্রেণি রোল নম্বর |
|---|---|---|---|
| | | | |

সংযুক্তি: ১। প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ উপলেক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক গঠিত ফুটবল দলে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের তালিকা প্রেরণ সংক্রান্ত চিঠি।

(মো: সাইদুল ইসলাম শেখ)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

অধ্যক্ষ/প্রধানশিক্ষক........................
(নিম্ন মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয়/স্কুল এন্ড কলেজ/কলেজ)
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

স্মারক নং:৩৭.০২.৮৮৬৭.০০০.৯৯.০২৫.২০২৬- ১০৫ তারিখ: ২৩/০৭/২০২৬ খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০২। পরিচালক , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
০৩। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ ও
০৫। অফিস নথি।

(মো: সাইদুল ইসলাম শেখ)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- রাশিবো/ক্রী/৫০/১৪

তারিখ: ২২/০৭/২০২৬

বিষয়: প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬উপলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক ফুটবল দল গঠন ও প্রস্তুতি মূলক কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : মাশিবো/প্রশা/২০১০/৯০, তারিখ: ২০/০৭/২০২৬ খ্রি

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানাচ্ছি, আগামী ৯ আগস্ট ২০২৬ তারিখে চট্টগ্রাম স্টেডিয়ামে মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ এর শুভ উদ্বোধন করবেন। উক্ত ফুটবল টুর্নামেন্ট সারা বাংলাদেশে একই তারিখ ও সময়ে একযোগে শুরু হবে।

ফুটবল টুর্নামেন্টে দেশের নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণের সুযোগ থাকবে। এ লক্ষ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে একটি ছাত্র ও একটি ছাত্রী ফুটবল দল গঠন করা এবং দলকে প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা অত্যন্ত জরুরি।

এ প্রেক্ষিতে সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো-

১। প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্য থেকে যোগ্যতার ভিত্তিতে ছাত্র ও ছাত্রী ফুটবল দল গঠন করতে হবে।
২। গঠিত দলের জন্য অভিজ্ঞ শিক্ষক/প্রশিক্ষকের তত্ত্বাবধানে নিয়মিত অনুশীলনের ব্যবস্থা করতে হবে।
৩। শিক্ষার্থীদের মধ্যে খেলাধুলার আগ্রহ বৃদ্ধি এবং দক্ষ খেলোয়াড় নির্বাচনের লক্ষ্যে শ্রেণিভিত্তিক আন্তঃশ্রেণি ফুটবল প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
৪। খেলাধুলার মাধ্যমে শৃঙ্খলা, নেতৃত্ব, দলগত চেতনা ও সুস্থ জীবনধারার বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।
৫। টুর্নামেন্ট সংক্রান্ত পরবর্তী নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করতে হবে।

উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসন, স্থানীয় ক্রীড়ানুরাগী, রাজনৈতিকব্যক্তিত্ব ও শিক্ষানুরাগীদের সম্পৃক্ত করে প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ সফলভাবে বাস্তবায়নে আন্তরিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২২/০৭/২৬

প্রফেসর ড. শামীম আরা চৌধুরী
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
ফোন: ০২৪৭৮১১৯৯৪ (অফিস)

১. প্রধানশিক্ষক/অধ্যক্ষ, অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. জেলা প্রশাসক, সকল জেলা, রাজশাহী বিভাগ।
২. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা, রাজশাহী বিভাগ।
৩। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা, রাজশাহী বিভাগ।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
৫. অফিস কপি।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ
Email:-deosirajganj2021@gmail.com
Web:-deo.sirajgonj.gov.bd

স্মারক নং-জেশিঅ/সিরাজ/২০২৬/ ৮৭০ তারিখ: ২২/০৭/২০২৬খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১-৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), উপজেলা:......... জেলা- সিরাজগঞ্জ। **প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল টুর্নামেন্ট ২০২৬ উপলক্ষ্যে প্রতিষ্ঠান ভিত্তিক একটি ছাত্র ও একটি ছাত্রী ফুটবল দল গঠন ও প্রস্তুতি মূলক নির্দেশিত কার্যক্রম (১-৫) অনুযায়ী দলকে প্রস্তুত রাখার জন্য আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অবহিতকরণসহ কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য** অনুরোধ করা হলো।

১০। অফিস নথি।

২২/৭/২০২৬

**( খন্দকার মো: আব্দুল্লাহ আল মামুন )**
**জেলা শিক্ষা অফিসার (অতি.দা.)**
**সিরাজগঞ্জ।**

CamScanner

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd
রাজশাহীশিক্ষাবোর্ড.কম

স্মারক নম্বর- রাশিবো/ক্রীড়া-১৫ তারিখ : ২২/০৭/২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ উপলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক গঠিত ফুটবল দলে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : আশিবো/প্রশা/২০১০/৯০ তারিখ- ২০/০৭/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় আয়োজনের অংশ হিসেবে রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ এ অংশগ্রহণের জন্য টিম গঠন করে নিম্নবর্ণিত ছক মোতাবেক তালিকা আগামী ২৬/০৭/২০২৬ তারিখের মধ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ই-মেইল এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের টিমের জন্য পৃথক পৃথক ছক ব্যবহার করতে হবে। চেয়ারম্যান মহোদয়ের ই-মেইল- chairman@rajshahieducationboard.gov.bd অথবা chairmanbiser@gmail.com

| | | |
|---|---|---|
| শিক্ষা প্রতিষ্ঠানের নাম | ঃ | |
| প্রতিষ্ঠানের EIIN নম্বর | ঃ | |
| প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর | ঃ | |
| প্রতিষ্ঠানের ই-মেইল | ঃ | |
| উপজেলার নাম | ঃ | |
| জেলার নাম | ঃ | |

| ক্রমিক নং | টিমে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নিজ নাম ও পিতার নাম<br>(ছাত্র ও ছাত্রীর জন্য পৃথক দল হবে) | শ্রেণি | শ্রেণি রোল নম্বর |
|---|---|---|---|
| | | | |

২২/০৭/২৬

প্রফেসর ড. শামীম আরা চৌধুরী
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
টেলিফোন : ০২৫৮৮৮৫৬২৭০ (পি.এস)
মোবাইল : ০১৭৭০-৬৫ ২০ ৭৭ (পি.এস)

প্রাপক :
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
সকল উপজেলা, রাজশাহী বিভাগ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :
১. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা, রাজশাহী বিভাগ।
২. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা, রাজশাহী বিভাগ।
৩. একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড
৪. অফিস কপি।